ডেঙ্গু–চিকুনগুনিয়া ঠেকাতে পরিচ্ছন্নতা ও সতর্কতায় জোর প্রধানমন্ত্রীর



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

ডেঙ্গু ও চিকুনগুনিয়ার বিস্তার রোধে দেশবাসীকে আরও সতর্ক ও পরিচ্ছন্ন থাকার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, ব্যক্তিগত ও সামাজিক সচেতনতা বাড়াতে পারলে এই দুই রোগ থেকে নিজেদের সুরক্ষিত রাখা সম্ভব।

বিশেষজ্ঞদের মতে, এডিস মশার কামড়ের মাধ্যমেই ডেঙ্গু ও চিকুনগুনিয়া ছড়ায়। তাই আগাম প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া অত্যন্ত জরুরি।

বুধবার (১১ মার্চ) জাতির উদ্দেশে দেওয়া এক বিশেষ বার্তায় প্রধানমন্ত্রী এ আহ্বান জানান।

বার্তায় তিনি উল্লেখ করেন, ডেঙ্গু ও চিকুনগুনিয়ার মতো প্রাণঘাতী রোগ ইতোমধ্যে জনস্বাস্থ্যের জন্য বড় হুমকি হয়ে উঠেছে। সাধারণত জুন থেকে অক্টোবর পর্যন্ত বর্ষাকালে ডেঙ্গুর প্রকোপ বেশি দেখা গেলেও জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা সতর্ক করে বলেছেন, এখন আর এই ঝুঁকি নির্দিষ্ট মৌসুমে সীমাবদ্ধ নেই। বছরের যেকোনো সময়েই সংক্রমণের আশঙ্কা থাকে।

LENS ASIA